

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা-২)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.১১.৩৪৪.১৭.

৩৩৯

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৪
২৫ মে ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়োক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১	সাঁটমুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর ১১,০০০/- ২৬,৫৯০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	০৪ (চার) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটারে Word Processing সহ E-mail ও Fax পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, জামালপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, রাজশাহী, দিনাজপুর, পাবনা, নওগাঁ, নাটোর, রংপুর, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২	কম্পিউটার অপারেটর ১১,০০০/- ২৬,৫৯০/-	১৮-৩০ বৎসর	০২ (দুই) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার); বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা; (খ) Operator's Aptitude Test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।	তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৩	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০/- ২২,৪৯০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	০৩(তিন) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ; (গ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঘ) কম্পিউটারে Word Processing সহ E-mail ও Fax পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	

পূর্ববর্তী পৃষ্ঠার পর :

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৪	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর/ফটোকপি অপারেটর ৮,৮০০/- ২১,৩১০/-	১৮-৩০ বৎসর	০১ (এক) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।	গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, পাবনা, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, খুলনা, যশোর, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৫	অফিস সহায়ক ৮,২৫০/- ২০,০১০/-	১৮-৩০ বৎসর	১১ (এগারো) টি	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

- ১। ০১-০৬-২০১৭ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
- ২। সরকারি-আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবেনা।
- ৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত সকল কাগজপত্রের ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে সনদপত্র এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিল/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৭। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ হতে ৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- ৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক <http://moca.teletalk.com.bd> এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১-০৬-২০১৭ সকাল ১০.০০টা।
- ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২১-০৬-২০১৭ রাত ১২.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) Pixel এ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা

- ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষাসংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
- ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিয়োক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৪-৫নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা অনধিক ৭২(বাহাতর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: MOCA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOCA ABCDEF

Reply: Applicant's Name, Tk.100/50 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOCA<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MOCA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOCA YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOCA Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

- চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://moca.teletalk.com.bd> অথবা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের Website: www.moca.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ডেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঞ্জিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
- জ. শুধু টেলিটক প্রি-পেইপ মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
- i. User ID জানা থাকলে MOCA<space>HELP<space>USER<space>User ID & send to 16222.
Example: MOCA HELP USER ABCDEF
- ii. PIN জানা থাকলে MOCA<space>HELP<space>PIN<space>PIN No. & send to 16222.
Example: MOCA HELP PIN 12345678
- ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর হতে 121 এ কল করে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
- ঞ। নিয়োগসংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ আব্দুল মান্নান ইলিয়াস)
যুগ্মসচিব (প্রশাসন)

ও

সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

-১১৭-


-8-

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.১১.৩৪৪.১৭. ৩৩৩

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৪
২৫ মে ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।


(মোঃ আব্দুল মান্নান ইলিয়াস)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।